

তাৰিখ  
পৃষ্ঠা  
06 MAR 1987  
কলাপুর



## উপজেলা পরিক্রমা

### বৰগুনা সদৰ

বৰগুনা, ৫ মাচ (সংবাদদাতা)।—সদৰ উপজেলার পুরো পায়ৱা, পশ্চিম বিষখালী নদী এবং দক্ষিণে বঙ্গোপসাগর। সমস্যা: জৰ্জৱিত উপজেলাবাসী প্ৰশাসনিক বিকেন্দ্ৰীয়কৰণের মাধ্যমে আদৈৱ ভাগ উন্নয়নে আশাৰাদী হয়ে উঠেছিল। কিন্তু বৰগুনা উপজেলার আজও উন্নয়ন দেখা যাচ্ছে না। বিদ্যুৎ যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য, হাট-বাজার প্ৰভৃতি ক্ষেত্ৰে অবহেলিত এই উপজেলা।

বিদ্যুৎ: বিভাট এখানকাৰ নিয়ন্ত্ৰিত ব্যাপার হয়ে দাঢ়িয়েছে। বৰ্তমানে গড়ে ১০ ঘন্টাৰ অধিক বিদ্যুৎ সৱৰংহ বন্ধ থাকে। আৱ এই বিদ্যুৎ একবাৰ গেলে কোন সময় পাওয়া যাবে তাৰ নিষ্ঠিতা নেই।

যোগাযোগ: যোগাযোগেৰ ক্ষেত্ৰে বৰগুনা উপজেলা অনুমতি। রাজধানী ও বিশাল-পটুয়াখালীৰ সাথে যোগাযোগ সমষ্যকাৰী লক্ষ ধৰ্তিতে যাত্ৰী ছাউনি নেই। ঘন্টাৰ পৰ ঘন্টা খোলা আকাশেৰ নীচে যাত্ৰীদেৱ দাঢ়িয়ে থাকতে হয়। বৰ্ষা মওসুমে যোগাযোগকাৰী রাস্তাগুলো পানিতে ডুবে থাকে। ফলে স্কুল-কলেজেৰ ছাত্ৰ-ছাত্ৰীদেৱ বৰ্ষা মওসুম বাঢ়িতে থাকতে হয়। উপজেলাৰ রাস্তাৰ উন্নয়ন জৰুৰী হয়ে পড়েছে।

#### শিক্ষা

বৰগুনা উপজেলায় শতকৰা, ২২ জন শিক্ষিত। এ উপজেলায় ১০৭টি সৱকাৰী আথমিক বিদ্যালয়, মাধ্যমিক ১৯টি, ১টি সৱকাৰী কলেজ, ১টি বেসৱকাৰী মহিলা কলেজ, ২টি সিনিয়ৱ মাদ্রাসা, ১২টি দাখিল মাদ্রাসা রয়েছে। সিনিয়ৱ মাদ্রাসাগুলো আৰ্থিক অন্তৰ্ভুক্ত, ক্লাস কৰমেৰ অভাৱ, গবেষণাগুৱেৱ যন্ত্ৰপাত্ৰিৰ অপ্রতুলতা, শিক্ষক প্ৰভৃতি সমস্যায় ভুগছে।

#### স্বাস্থ্য

বৰগুনা উপজেলায় ১টি হাসপাতাল ও ১টি অনাথ আশ্রম রয়েছে। উপজেলা সদৰে হাসপাতালটিৰ অবস্থা অত্যন্ত কৰুণ। এ হাসপাতালে বেড়ৰম, এক্সে-ৱে মেশিন নেই। পানিৰ অভাৱ এবং ঔষুধেৰ অভাৱে জটিল ৱেগীৰ চিকিৎসা কৰা যাবে না।

#### কৃষি

কৃষিপ্ৰধান এই উপজেলা। এখানে ধান, মৰিচ, সুপাৰী, ডাল, তৈলবীজ প্ৰভৃতি উৎপন্ন হয়। এখানে ভূমিহীন কৃষকদেৱ সংখ্যা ১১ হাজাৰ।

#### হাট-বাজার

এই উপজেলায় ১০টি হাট-বাজার রয়েছে। তবে দক্ষিণ অঞ্চলে প্ৰসিদ্ধ বাগিয়া কেন্দ্ৰ বৰগুনা বাজার উপজেলাৰ ছোট ছোট বাজাৰগুলো বিভিন্ন সমস্যায় জৰ্জৱিত।